আজকের কাগজ

তারিখ 12 AUG 1994
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শিক্ষায় অবদান রাখার জন্যে ইউনেস্কো ৩টি প্রতিষ্ঠানকে পুরস্কৃত করেছে

ইউনেস্কো গত বুধবার তিউনিসের একটি মহিলা সংগঠন, মালাভি-এর একটি শিক্ষামূলক সংগঠন এবং ভারতের একটি ক্যাথলিক বালিকা বিদ্যালয়কে শিক্ষা বিস্তারে অবদান রাখার জন্যে সম্মানিত করেছে।

ন্যাশনাল ইউনিয়ন অফ তিউনিসিয়ান ওমেন, কোলকাতার কাছে দি লরেটো ডে স্কুল এবং মালভি-এর দি ন্যাশনাল স্টোর ফর লিটারেসি এন্ড এডল্ট এডুকেশন এ তিনটি সংস্থাকে ইউনেস্কো তার বার্ষিক আন্তর্জাতিক সাহিত্য পুরস্কার প্রদান করেছে।

ইউনেস্কো প্যারিসের সদর দফতর থেকে এক বিবৃতিতে জানায়, পুরস্কার বিজয়ী ভারত ও মালভি-এর প্রতিষ্ঠান দু'টি পাবে ১৫ হাজার ডলার এবং তিউনিসের প্রতিষ্ঠানটি পাবে ৩০ হাজার ডলার।